তারিখ 21 SEP 1990
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক ইত্তেফাক

30

# বরিশালে শিক্ষা বোর্ড ও প্রশিক্ষণ কলেজ স্থাপনের প্রক্রিয়া শুরু

॥ মাইনুল হাসান ॥

সরকার বরিশালে শিক্ষাবোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপনের ব্যাপারে নীতিগতভাবে রাজী হইয়াছেন। শিক্ষা মন্ত্রণা-

( ১১শ পৃঃ দ্রঃ )

## বরিশালে শিক্ষাবোর্ড

( ১ম পৃঃ পর )

লয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান, বরিশালে শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপনের ব্যাপারে মন্ত্রী পরিষদের আলোচনার পর এই বিষয়ে নীতিগতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্তের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিতে বিষয়টি প্রক্রিয়াবদ্ধ করিয়া নথি পেশ ও বরিশালে সরেজমিনে সফরের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ গত ১৮ই সেপ্টেম্বর শিক্ষা সচিবকে নির্দেশ প্রদান করেন। শিক্ষা বোর্ড স্থাপন সম্পর্কে উক্ত কর্মকর্তা জানান, এই ব্যাপারেও প্রেসিডেন্ট ও মন্ত্রী পরিষদ অনুকূল অভিমত প্রদান করায় প্রধানমন্ত্রী গত ১৫ই সেপ্টেম্বর শিক্ষা সচিবকে নথি পেশের নির্দেশ দেন।